



ভারতের বিক্ষোভে বাজল বাংলাদেশের প্রতিবাদী গান



ছবি: সংগৃহীত

ভারতে চলমান আন্দোলনে ব্যবহার করা হয়েছে বাংলাদেশের প্রতিবাদী গান ‘দেশটা তোমার বাপের নাকি’।

সোমবার (১২ অক্টোবর) ভারতের জাতীয় কংগ্রেসের ত্রিপুরা শাখার ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত একটি ভিডিওতে গানটি শোনা যায়। ভিডিওতে ভারত সরকারের বিরোধী জোটের নেতাকর্মীদের মিছিল করতে দেখা যায়। মিছিলের পেছনে বাজছিল বাংলাদেশের এই গান।

ভারতে ভোটার তালিকার বিতর্কিত সংশোধনীর প্রতিবাদে মিছিলটি বের করা হয়। এ ইস্যুতে কয়েক দিন ধরে দেশটিতে উত্তেজনা বিরাজ করছে।

‘দেশটা তোমার বাপের নাকি’ গানটির কণ্ঠশিল্পী বাংলাদেশের মৌসুমী চৌধুরী। গানটির কথা লিখেছেন ইখুন বাবু।

২০২২ সালের ডিসেম্বরে শেখ হাসিনা সরকারের বিরুদ্ধে দমন-পীড়নের অভিযোগ ঘিরে প্রতিবাদের প্রেক্ষাপটে গানটি তৈরি হয়। পরে ২০২৪ সালে হাসিনা সরকারের পতন ঘটানো জুলাই গণ-অভ্যুত্থানের সময় গানটি আবারও জনপ্রিয় হয়ে ওঠে। তখন সামাজিক যোগাযোগমাধ্যমে বিক্ষোভকেন্দ্রিক বিভিন্ন রিল ও ভিডিওতে গানটি ব্যাপকভাবে ব্যবহার করা হয়।